**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 12-03-2025**
**Time : 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মরিশাসের জাতীয় দিবস সমারোহে মুখ্য অথিতি হিসেবে যোগ দেবেন। শ্রী মোদী গতকাল মরিশাসের রাজধানী পোর্টলুইতে সে দেশের প্রধানমন্ত্রী ড: নবীন চন্দ্র রাম গোলামের সাথে ইতিবাচক আলোচনা করেন এবং দুই দেশের মধ্যে পারস্পরিক অংশিদারিত্বের সম্পর্ককে পুনঃব্যাক্ত করেন। বৈঠকে প্রতিরক্ষা, সুরক্ষা, আর্থিক সম্পর্ক ও সাংস্কৃতিক আদান প্রদান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

*******************************

**CM–School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রীর মার্গদর্শনে প্রবর্তিত জাতীয় শিক্ষানীতির মাধ্যমে রাজ্যের শিক্ষাক্ষেত্রেও আমূল পরিবর্তন এসেছে। গতকাল বিশালগড় মহকুমার পূর্ব গোকুলনগরস্থিত লিপিকা দাসগুপ্ত মেমোরিয়াল স্কুলের চতুর্থ প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বন, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, ককবরক ভাষার পাশাপাশি বাংলা এবং ইংরেজি ভাষার সংমিশ্রণে ছাত্রছাত্রীদের মধ্যে একদিকে যেমন সুসম্পর্ক তৈরি হবে অন্যদিকে ছাত্রছাত্রীরা তিনটি ভাষা শিখতে পারবে।

****************************

**Textbook digitised for 22 language :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন যে এই বছর বাজেটে ভারতীয় ভাষা পুস্তক যোজনা বাস্তবায়নের ব্যবস্থা করা হয়েছে, যার ফলে ইংরেজি

সহ ২২টি তফসিলি ভাষার পাঠ্যপুস্তক ডিজিটালাইজ করা হবে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী বলেন, জাতীয় শিক্ষা নীতিতে কোনও ভাষা চাপিয়ে দেওয়া হয়নি। বহুভাষিকতা বর্তমান সময়ের প্রয়োজন বলে তিনি অভিমত প্রকাশ করেন।

রাজ্যসভায় গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের কার্যকারিতা নিয়ে আলোচনার জবাবে মন্ত্রী শ্রী প্রধান বলেন সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে ইন্টারনেট ব্রডব্যান্ড স্থাপন করা হবে এবং এই কাজটি ভারতনেটকে দেওয়া হয়েছে। শ্রী প্রধান আরও বলেন, শিক্ষায় কৃত্রিম বুদ্ধিমত্তার জন্য এবার ৫০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সরকার আগামী পাঁচ বছরে দেশে ৫০ হাজার অটল টিঙ্কারিং ল্যাব খোলার সিদ্ধান্ত নিয়েছে তিনি জানান।

*******************************

**South West Monsoon :**

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাব ও আগামী দিনগুলিতে সম্ভাব্য কালবৈশাখীর মোকাবেলার জন্য প্রস্তুতি বিষয়ে গতকাল কৈলাশহরের জেলাশাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে কালবৈশাখী সহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কি কি করণীয়, বন্যা নিরোধক বাঁধের উচ্চতা বৃদ্ধি ও সংস্কারের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

********************************

**Health Camp-South :**

দক্ষিণ জেলার রাজনগর ব্লকের পিএমশ্রী গাবতলি হাইস্কুলে গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্কুলের ২১২ জন ছাত্রছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

******************************

**PM Surya Ghar Mufta Bijli Yojna :**

প্রধানমন্ত্রী সূর্য ঘর, মুফত বিজলী যোজনা ১০ই মার্চ পর্যন্ত দেশজুড়ে ১০ দশমিক শূন্য নয়  লক্ষ স্থাপনা সম্পন্ন করে একটি উল্লেখযোগ্য মাইলফলক তৈরী করেছে। নতুন ও পুনঃনবীকরন যোগ্য শক্তি মন্ত্রক গতকাল এক বিবৃতিতে জানিয়েছে  চণ্ডীগড় দমন ও দিউ তাদের সরকারি ছাদে সৌরশক্তি নির্মাণের লক্ষ্যমাত্রার ১০০ শতাংশ অর্জন করেছে। নতুন ও পুনঃনবীকরন যোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী একটি সোশ্যাল মিডিয়া পোস্টে তুলে ধরেছেন যে এই উদ্যোগটি ১০ লক্ষ বাড়িকে সৌরশক্তি দিয়ে ক্ষমতায়িত করেছে। তিনি জোর দিয়ে বলেন এই প্রকল্প, টেকসইতা, সাশ্রয়ী মূল্য এবং স্বনির্ভরতার একটি নতুন যুগের সূচনা করছে।

*****************************

**Congress Rally :**

জয় বাপু, জয় ভীম, জয় সংবিধান স্লোগানকে সামনে রেখে গতকাল আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে এক জনসভার আয়োজন করা হয়। জনসভায় প্রধান বক্তা সেবাদলের সর্বভারতীয় সভাপতি লালজি দেশাই কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে বলেন দেশের সংবিধান অটুট রাখার লক্ষ্যে জনগণকে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করতে হবে। সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন। উপস্থিত ছিলেন বিধায়ক গোপাল রায়, বীরজিত সিনহা, প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি পীযুষ কান্তি বিশ্বাস প্রমুখ।

****************************

**LED Bulbs :**

সরকার উজালা প্রকল্পের আওতায় এখন পর্যন্ত সারা দেশে প্রায় ৩৭ কোটি এলইডি বাল্ব বিতরণ করেছে। রাজ্যসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মনোহর লাল বলেন, এই প্রকল্পের ফলে প্রতি বছর প্রতি ঘন্টায় প্রায় ৪৮ বিলিয়ন কিলোওয়াট বিদ্যুৎ সাশ্রয় হয়েছে।

******************************

**BSF Activity :**

সিভিক অ্যাকশন কর্মসূচির অঙ্গ হিসাবে বিএসএফের ৪২ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে গতকাল বামুটিয়ার ভাগলপুর এবং বেড়িমুড়া সীমান্ত এলাকায় গ্রামবাসীদের মধ্যে কিছু সামগ্রী বিতরন করা হয়। এগুলি হল ছাত্রীদের বাইসাইকেল, মহিলাদের সেলাই মেশিন, জলের ট্যাঙ্ক। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস ও বি.এস.এফ-এর কমান্ডেন্ট অজয় কুমার।

**************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

**************************